

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮২

১/ বিবিধ

আরবী

خيركم المدافع عن عشيرته ما لم يأثم
موضوع

أخرجه أبو داود (رقم 5120) من طريق أيوب بن سويد عن أسامة بن زيد أنه سمع سعيد بن المسيب يحدث عن سراقه بن مالك بن جعشم المدلجي قال: خطبنا رسول الله صلى الله عليه وسلم فقال: فذكره قلت: وهذا سند ضعيف جدا من أجل أيوب بن سويد ضعفه أحمد وأبو داود وغيرهما

وقال النسائي: ليس بثقة، وقال ابن أبي حاتم في "العلل" (2 / 231) سمعت أبي قال: أول ما أنكرنا على أيوب بن سويد حديث أسامة بن زيد عن سعيد بن المسيب عن سراقه بن مالك (فذكر هذا الحديث) ، وما أعلم أسامة روى عن سعيد بن المسيب شيئا، وقال في موضع آخر (2 / 209) : قال أبي: كنت أسمع منذ حين يذكر عن يحيى بن معين أنه سئل عن أيوب بن سويد فقال: ليس بشيء، وسعيد بن المسيب عن سراقه لا يجيء، وهذا حديث موضوع، بابه حديث الواقدي والحديث أعله المنذري في "مختصر السنن" (8 / 18) بأيوب بن سويد، وبالانقطاع بين سعيد بن المسيب وسراقه، وزهل المناوي في "شرح الجامع الصغير" عن الانقطاع فأعله بأيوب فقط؟ وأورده الهيثمي في "المجمع" (8 / 110) من حديث خالد بن عبد الله بن حرملة

المدلجي ثم قال: رواه الطبراني وفيه من لم أعرفهم
والذي تقتضيه الصناعة الحديثية أن الحديث ضعيف جدا، لولا حكم أبي حاتم بوضعه
فإنه إمام حجة، والله أعلم

বাংলা

১৮২। তোমাদের সেই সর্বোত্তম ব্যক্তি যে, তার নিজ বংশের পক্ষে অন্যকে প্রতিরোধ করে, তবে যতক্ষণ পর্যন্ত সে গুনাহ না করবে।

হাদীসটি জাল।

এটি আবু দাউদ (নং ৫১২০) আইউব ইবনু সুওয়াইদ সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আইউব ইবনু সুওয়াইদ-এর কারণে এটির সনদটি নিতান্তই দুর্বল। তাকে আহমাদ, আবু দাউদ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন।

নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (২/২৩১) বলেনঃ আমি আমার পিতাকে বলতে শুনেছিঃ আইউব ইবনু সুওয়াইদ এর প্রথম যে বস্তুটি আমরা ইনকার করি সেটি হচ্ছে সাঈদ ইবনু মুসাইয়াব হতে উসামা ইবনুয়ায়েদ সূত্রের এ হাদীসটি। উসামা সাঈদ হতে কিছু বর্ণনা করেছেন বলে আমি জানিনা।

তিনি অন্যত্র (২/২০৯) বলেনঃ ইবনু মাঈনকে এ আইউব সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন তিনি কিছুই না। সাঈদ ইবনু মুয়াইয়্যার সুরাকা হতে কিছু বর্ণনা করেননি। এ হাদীসটি জাল, এর দরজা হচ্ছে ওয়াকেদীর হাদিস।

মুনযেরী "মুখতাসারুস সুনান" গ্রন্থে (৮/১৮) আইউব ইবনু সুওয়াইদকে এবং সনদের মধ্যে সাঈদ এবং সুরাকার মধ্যে ইনকিতা' (বিচ্ছিন্নতা) হওয়াকে হাদীসটির সমস্যা হিসাবে চিহ্নিত করেছেন। কিন্তু মানবী শুধুমাত্র আইউব ইবনু সুওয়াইদকে দুর্বলতার কারণ হিসাবে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5442>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন